# ইউনুস | Yunus | يُونُس

আয়াতঃ ১০ : ৮২

## আরবি মূল আয়াত:

وَ يُحِقُّ اللّٰهُ الۡحَقَّ بِكَلِمٰتِهٖ وَ لَوۡ كَرِهَ الۡمُجۡرِمُوۡنَ ﴿۸۲﴾

## অনুবাদসমূহ:

আর আল্লাহ তাঁর বাণীসমূহের মাধ্যমে সত্যকে প্রতিষ্ঠিত করেন, যদিও অপরাধীরা তা অপছন্দ করে। — আল-বায়ান

আল্লাহ তাঁর বাণীর সাহায্যে প্রকৃত সত্যকে প্রতিষ্ঠিত করবেনই, অপরাধীদের কাছে তা যতই অপ্রীতিকর হোক না কেন। — তাইসিরুল

আর আল্লাহ তাঁর বাণী অনুযায়ী সত্যকে প্রতিষ্ঠিত করেন, যদিও পাপাচারীরা তা অপ্রীতিকর মনে করে। — মুজিবুর রহমান

And Allah will establish the truth by His words, even if the criminals dislike it." — Sahih International

৮২. আর অপরাধীরা অপ্রতিকর মনে করলেও আল্লাহ তার বাণীর মাধ্যমে সত্যকে প্রতিষ্ঠিত করবেন।

-

তাফসীরে জাকারিয়া

(৮২) আল্লাহ নিজ বাণী[1] দ্বারা সত্যকে সত্যরূপে প্রতিষ্ঠা করেন; যদিও অপরাধীরা তা অপছন্দ করে থাকে।

[1] এই ‘কালেমা’ বা বাণী হল ঐ সকল প্রমাণ ও স্পষ্ট দলীল, যা আল্লাহ তাআলা আপন কিতাবে অবতীর্ণ করে এসেছেন এবং যা তিনি পয়গম্বরগণকে প্রদান করতেন। অথবা ঐ সকল মু'জিযা (অলৌকিক কর্মকান্ড) যা আল্লাহ তাআলার আদেশে পয়গম্বরগণের হাতে প্রকাশ হত, অথবা আল্লাহর সেই আদেশ যা তিনি ‘কুন’ শব্দ দ্বারা দিয়ে থাকেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1446

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন